

একজনের চেষ্ঠায় ফেসবুক তৈরি হয়নি



সামাজিক যোগাযোগের জনপ্রিয় ওয়েবসাইট ফেসবুক একজনের উদ্যোগে তৈরি হয়নি। ফেসবুক তৈরিতে সহযোগিতা করেছেন সংশ্লিষ্ট কর্মীরা। গতকাল বুধবার ভারতের দিল্লিতে আইআইটি টাউন হলে অনুষ্ঠিত প্রশ্নোত্তর পর্বে এ কথা বলেন ফেসবুকের সহপ্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী কর্মকর্তা **মার্ক জাকারবার্গ**। ৯০০-এর বেশি শিক্ষার্থীর সামনে নানা প্রশ্নের উত্তর দেন জাকারবার্গ। ভারত ইন্টারনেটের বাজারে খুব গুরুত্বপূর্ণ উল্লেখ করে জাকারবার্গ বলেন, বর্তমানে শুধু ভারতেই ফেসবুকের ব্যবহারকারী প্রায় ১৩ কোটি। আর বিশ্বে এ সংখ্যা ১৫৫ কোটি।* সারা বিশ্বে ইন্টারনেট ব্যবহার সুবিধা বাড়াতে নানাভাবে আলোচিত ফেসবুকের প্রকল্প ইন্টারনেট ডট ওআরজি বিষয়ে জাকারবার্গ বলেন, ‘আমরা পুরো ইন্টারনেটে যেতে মানুষের জন্য প্রতিবন্ধক তৈরি করছি, বিষয়টা এমন নয়। বিনা মূল্যে পুরো ইন্টারনেট সেবা ব্যয়বহুল বলেই আমরা বিনা মূল্যে প্রাথমিক কিছু সুবিধা দিচ্ছি।’ তবে সারা বিশ্বে ইন্টারনেটের ক্ষেত্রে সমতা আনতে কাজ করছে ফেসবুক বলেও জানান তিনি।

এর আগে মঙ্গলবার ভারত সফরে এসেই তাজমহল পরিদর্শনে যান জাকারবার্গ। তিনি এ বিষয়ে ফেসবুকে একটি বার্তা দেন। তিনি উল্লেখ করেন, ‘আমি সর্বদা এই তাজমহল দেখার জন্য উন্মুখ হয়ে ছিলাম। আজ তাজমহল দেখে আমার সে ইচ্ছে পূর্ণ হলো।’ তাজমহল ছাড়াও জাকারবার্গ ভারতের বিভিন্ন জায়গা পরিদর্শন করেছেন। এ সময় ইন্টারনেট ডট অর্গের প্রধান ক্রিস ডেনিয়েলস ও পার্টনারশিপ সদস্য ইমি আর্চিবং তাঁর সঙ্গে ছিলেন।

ভারতে জাকারবার্গ তাঁর এই সফরে নিজের কিছু লক্ষ্যের কথাও জানান। তিনি বলেন, ‘বর্তমানে বিশ্বের ৪০০ কোটি মানুষেরই ইন্টারনেট ব্যবহারের সুবিধা নেই। আমরা সেই সব মানুষকে ন্যূনতম ইন্টারনেট সেবা দিতে কাজ করে যাচ্ছি।’ ভার্যুয়াল রিয়েলিটিকে আগামী দিনের ভবিষ্যৎ উল্লেখ করে জাকারবার্গ জানান, লেখা থেকে ছবি বিষয়টি উন্নত হয়ে বর্তমানে ভিডিওতে যাচ্ছে এবং বিষয়টি জনপ্রিয় হয়ে উঠেছে। আফ্রিকায় বর্তমানে বিভিন্ন ধরনের বিদ্যালয় স্থাপনের কাজ চলছে, যার অংশ হিসেবে ভারতেই একই ধরনের বিদ্যালয় প্রতিষ্ঠার ব্যাপারে নিজের মতামতও জানান তিনি।